দৈনিক
ইত্তেফাক

তারিখ 04 APR 2008
পৃষ্ঠা ৩ কলাম ২

# শিক্ষা প্রতিষ্ঠানের ৩ হাজার ৩৭১টি প্রধান শিক্ষকের পদ শূন্য এবং ভারপ্রাপ্ত

## শূন্য পদে প্রধান শিক্ষক নিয়োগে বিধিমালা শিথিল

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

দেশের ১৭ হাজার ৯০৫টি বেসরকারি ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের ৩ হাজার ৩৭১টি প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে বা ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে চালানো হচ্ছে। ফলে একাডেমিক ও প্রশাসনিক কর্মকাণ্ড বাধাগ্রস্ত হচ্ছে। এসব শিক্ষা প্রতিষ্ঠানে ১৯৯৫ সালে জারিকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জনবল কাঠামো সম্পর্কিত নীতিমালার ব্যত্যয় ঘটিয়ে অতিরিক্ত শিক্ষক নিয়োগ দেয়ার কারণে প্রধান শিক্ষকের শূন্য পদে নিয়োগ দেয়া যাচ্ছে না। অনেকে যোগ্যতা ও দক্ষতার ভিত্তিতে নিয়োগ প্রক্রিয়া অনুসরণ করে নিয়োগ পেয়েও এমপিওভুক্ত হতে পারছে না। এ সমস্যা সমাধানে প্রধান শিক্ষক পদে নিয়োগের ক্ষেত্রে বিধিনিষেধ শিথিল করা হয়েছে। বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয় এ সংক্রান্ত একটি পরিপত্র জারি করে।

পরিপত্রে বলা হয়, যে সকল মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে বিদ্যমান জনবল কাঠামোর অতিরিক্ত শিক্ষক এমপিওভুক্ত থাকার কারণে প্রধান শিক্ষক পদে নিয়োগ দেয়া যাচ্ছে না এ সকল বিদ্যালয়সমূহে প্রধান শিক্ষকের শূন্য পদে নিয়োগ দেয়া যাবে। নিয়োগপ্রাপ্ত প্রধান শিক্ষকরা বেতন-ভাতার সরকারি অংশ পাবেন। যারা ইতিপূর্বে নিয়োগ পেয়ে বেতন-ভাতার সরকারি অংশ পাচ্ছেন না তারাও বেতন-ভাতার সরকারি অংশ পাবেন।